গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
(সংস্থাপন শাখা)
(www.sunamganj.gov.bd)

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত জেলা নৈতিকতা কমিটির ২০২২-২৩ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:**

সভাপতি : মো: জাহাঙ্গীর হোসেন
জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
সভার স্থান : জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর অফিস কক্ষ।
তারিখ : ২৭ সেপ্টেম্বর, ২০২২ খ্রি:।
সময় : সকাল ০৯:৩০ টা।

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)।

সভার প্রারম্ভে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন । অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সুনামগঞ্জ ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০২২ ) কার্যক্রমের অগ্রগতির বিভিন্ন সূচক নিয়ে আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের নিমিত্তে স্থিরকৃত লক্ষ্যপূরণে সংশ্লিষ্ট শাখাসমূহের ভূমিকা সম্পর্কে আলোচনা হয়। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অন্তরায়সমূহ ও সেগুলো উত্তরণের উপায় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। শুদ্ধাচার বাস্তবায়নে ও দুর্নীতি প্রতিরোধে ত্রৈমাসিক শ্রেষ্ঠ কর্মকর্তা/কর্মচারী নির্বাচনের বিষয়ে আলোচনা হয়। | সকল শাখায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর স্থিরকৃত কর্মপরিকল্পনার হার্ডকপি বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেটে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ সফল বাস্তবায়নে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ যথাসময়ে আয়োজন করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা/নেজারত ডেপুটি কালেক্টর, সুনামগঞ্জ। |
| | | শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত সকল প্রমাণক সংরক্ষণ করতে হবে এবং যথাসময়ে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/ উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (ভূমি), (সকল)/ সহকারী কমিশনার (সকল), সুনামগঞ্জ। |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ সফল বাস্তবায়নে ভূমিকা রাখার নিমিত্ত ১ম ত্রৈমাসিক কোয়ার্টারে ১ জন শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সুনামগঞ্জ। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকা উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/৮/২২
(মো: জাহাঙ্গীর হোসেন)
জেলা প্রশাসক
সুনামগঞ্জ।
ফোন : ০৮৭১-৬২০০০

স্মারক নং: ০৫.৪৬.৯০০০.০০৬.০৬.০২২.২১-২৮৭

তারিখ : ১২ আশ্বিন, ১৪২৯ ব:।
২৭ সেপ্টেম্বর, ২০২২ খ্রি:।

অনুলিপি : সদয় অবগতির জন্য।
১. মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, সিলেট।

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ......................................................(সকল), সুনামগঞ্জ। (অনুরূপ সভা আহবান এবং পরিবীক্ষণ কাঠামো মোতাবেক প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য)।
৪। রেভিনিউ ডেপুটি কালেক্টর/নেজারত ডেপুটি কালেক্টর/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/জেনারেল সার্টিফিকেট অফিসার, সুনামগঞ্জ।
৫। সহকারী কমিশনার (ভূমি)....................................... (সকল), সুনামগঞ্জ।
৬। সহকারী কমিশনার...................... (সকল) শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। কার্যবিবরণীর আলোকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭। সহকারী কমিশনার, আইসিটি শাখা। ওয়েবপোর্টালে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
৮। জনাব.................................................................সহকারী কমিশনার ও সদস্য সচিব, জাতীয় শুদ্ধাচার ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
৯। অফিস কপি।